শ্রীশ্রী
সরস্বতী
পূজা পদ্ধতি
পণ্ডিত শ্রীরামদেব ভট্টাচার্য

বরাত বিহীন

শ্রীশ্রীসরস্বতীপূজা পদ্ধতি

[বিভিন্ন প্রকার মুদ্রা, সরস্বতীর ধ্যান, কবচ, পূজার সময় ও ফর্দমালা সহ]

পণ্ডিত **বামদেব ভট্টাচার্য** সঙ্কলিত

পণ্ডিত শক্তিপদ চক্রবর্ত্তী কর্ত্তৃক সংশোধিত ও পরিমার্জিত

কতিপয় বিশেষ জ্ঞাতব্য বিষয়

পূজার নিয়মাদি—পূজার পূর্বদিবস মস্যাধার অর্থাৎ দোয়াত পরিষ্কার করিয়া তাহার মধ্যে দুগ্ধ দ্বারা পূর্ণ করিয়া দেবীর নিকটে দিতে হয়, সেইসঙ্গে লেখনী অর্থাৎ খাগের কলম দিবেন। এই সঙ্গে নানা প্রকার গ্রন্থ ও বাদ্যযন্ত্রাদি দেবীর সম্মুখে সাজাইয়া দিবেন। পূজার দিন কোনও কিছু লেখা নিষিদ্ধ। দেবীর ভোগ সম্পূর্ণ নিরামিষ হইবে। পরমান্ন, ঘৃতপক্ক দ্রব্য অর্থাৎ লুচি, পুরী ইত্যাদি এবং খিচুড়ী ভোগ দেওয়ার বিধান আছে। বিবিধ প্রকার ফলমূল, মিষ্টদ্রব্য ও তৎসহ বদরী অর্থাৎ কুল অবশ্যই দিতে হইবে। পূজার পরদিবস দেবীর চরণে নিবেদিত বিল্বপত্র লইয়া মস্যাধারে প্রদত্ত দুগ্ধ ও আলতা দিয়া লেখনী অর্থাৎ খাগের কলম দ্বারা বিল্বপত্রে "ওঁ সরস্বত্যৈ নমঃ" অথবা "ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" (শূদ্রপক্ষে—নমো সরস্বত্যৈ নমঃ) মন্ত্রটি লিখিয়া প্রণাম পূর্বক লেখা-পড়া শুরু করতে হয়।

সাধারণ পূজার নিয়ম—যদি নিজেরাই পূজা করেন তাহা হইলে শুদ্ধশ্বেত পূর্ব বা উত্তরমুখে বসিয়া—"ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণুঃ" মন্ত্রে আচমন ও বিষ্ণুস্মরণ করবেন। অতঃপর করযোড়ে পাঠ করবেন—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্ সদা পশ্যন্তি সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম্॥ ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোঽপি বা, যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তর শুচিঃ॥ (গ্রন্থ মধ্যে যত মন্ত্র আছে, সবগুলির ক্ষেত্রেই ব্রাহ্মণগণ "ওঁ" উচ্চারণ করবেন। অব্রাহ্মণ ও নারীগণ "ওঁ" উচ্চারণ না করিয়া তৎপরিবর্তে "নমঃ" বলবেন।) অতঃপর ব্রাহ্মণগণ গায়ত্রী মন্ত্র জপ করবেন। অব্রাহ্মণ ও নারীগণ ইষ্টমন্ত্র জপ করবেন। দীক্ষিত হইলে গুরুমন্ত্র জপ ও শ্রীগুরুস্মরণ করবেন।

অতঃপর নারায়ণ শিলা থাকিলে স্নান করাইয়া তাহাতে সচন্দন তুলসীপত্র দিবেন। পরে সচন্দন পুষ্প লইয়া—"এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ।" এইক্রমে—"ওঁ শ্রীগুরবে নমঃ, ওঁ শ্রীবিষ্ণবে নমঃ, ওঁ নমঃ শিবায় নমঃ, ওঁ শ্রীশ্রীদুর্গায়ৈ নমঃ॥" এইরূপে গন্ধপুষ্প দিয়া দেবীপূজার প্রয়োজনীয় পুণ্যাহাদি বাচন করবেন। এর পরের ক্রিয়া সকল গ্রন্থে সন্নিবেশিত করা হইয়াছে। সেই সব ক্রিয়াগুলি পর পর সমাপ্ত করিয়া অবশেষে মূলপূজা অর্থাৎ দেবীর পূজা, ভোগ, পুষ্পাঞ্জলি প্রভৃতি দিয়া শেষে হোম ক্রিয়া করবেন। সামবেদীয় ব্রাহ্মণ হইলে—তাহার পূজার বিধান কিরূপ, তাহা লিপিবদ্ধ করা হইয়াছে। অব্রাহ্মণ পক্ষে যজুর্বেদীয় পদ্ধতিতে ক্রিয়াদি করবেন। সার্বজনীন পূজা স্থলেও যজুর্বেদীয় মতানুসারে হইবে।

আরতি সন্ধ্যার সময় করিতে হইলে প্রথমতঃ আচমনাদি দেহাদি শুদ্ধি ও ভোগাদি নিবেদন পূর্বক আরতি করবেন। ইহাকে নিরাজন ক্রিয়া বলে।

সরস্বতী দেবীর প্রিয়—শ্বেত চন্দন, শ্বেতপুষ্প, গাঁদা, বিল্বপত্র এবং শ্বেতবর্ণের পদ্ম দেবীর প্রিয়।

নিষিদ্ধ পুষ্প—কেবল অক্ষত দ্বারা বিষ্ণুর, তুলসীর দ্বারা গণেশের, দুর্গার এবং বিল্বপত্র দ্বারা সূর্যের পূজা নিষিদ্ধ। বিষ্ণু পূজাতে আকন্দ পুষ্প, ধুস্তুর পুষ্প দেবেন না। কিন্তু প্রমাণান্তরে দুর্গাপূজায় দূর্বার বিশেষ বিধি থাকায়, শ্বেত দূর্বা ও দূর্বাকে পুষ্প জ্ঞান করে পূজা করবেন। কখনও রক্তচন্দন ও রক্তপুষ্প এবং বিল্বপত্র দিয়ে বিষ্ণুর পূজা করবেন না। কুন্দ, নবমল্লিকা, যূথী, বন্ধুক, কেতকী, রক্তজবা, সন্ধ্যামালতী, কুমকুম, শেফালী, কুমুদ ও রক্তকরবী ফুল দিয়ে শিবপূজা নিষিদ্ধ। পীতঝিন্টি, শ্বেতঝিন্টি, টগর, শ্বেতজবা, তুলসী, মন্দার কুসুম, কহ্লারপুষ্প, তমালপুষ্প, কুশ ও কাশপুষ্প দিয়ে দেবীর অর্চনা নিষিদ্ধ।

নৈবেদ্য—দেবতার দক্ষিণে, বামে ও সম্মুখে নৈবেদ্য দান করবেন ; পশ্চাতে দেবেন না। *পঞ্চরত্ন*—মণি, মুক্তা, প্রবাল, রৌপ্য ও স্বর্ণ এগুলিকে ঋষিরা পঞ্চরত্ন বলেন। *পঞ্চশস্য*—ধান, মাষকলাই, তিল, মুগ ও যব এগুলিই পঞ্চশস্য।

ফর্দমালা

সিদ্ধি, সিন্দুর ১ বাণ্ডিল, পূজক বরণ, তিল, হরীতকী, পঞ্চগুঁড়ি, পঞ্চশস্য, পঞ্চগব্য, পঞ্চরত্ন, পঞ্চপল্লব, ঘট, কুণ্ডহাঁড়ি-১, তেকাঠা-১, দর্পণ-১, দ্বারঘট-২, তীরকাঠি-৪, ঘটের গামছা-১, বরণডালা, সশীষ ডাব-৩, একসরা আতপ চাউল, দেবীর শাড়ী-১, নারায়ণের ধুতি-১, আসনাঙ্গুরীয় ২ প্রস্থ, মধুপর্ক বাটি ২ প্রস্থ, দধি, মধু, দুগ্ধ, থালা-১, গেলাস-১, চন্দ্রমাল্য-১, রোচনা, আম্রমুকুল-১, যবের শীষ, আবীর, অভ্র, মস্যাধার, লেখনী, বালি, কাষ্ঠ, খোড়কে, গব্যঘৃত ২৫০ গ্রাম, পান, সুপারী, হোমের বিল্বপত্র-২৮ বা ১০৮, করবীপুষ্প বা যজ্ঞডুমুর সমিধ-২৮, কর্পূর, নৈবেদ্য-৩, কুচানৈবেদ্য-১, *পুষ্প ও বিল্বপত্রাদি, পূর্ণপাত্র, দক্ষিণা।*

সূচীপত্র

ওঁ নমো বাগ্‌বাদিন্যৈ নমঃ

শ্রীশ্রীসরস্বতী পূজা পদ্ধতি

পূজাকাল নির্ণয়—যে দিবস পূর্বাহ্নে অর্থাৎ দিবাভাগের পূর্ব চতুর্থভাগ বেলা প্রায় ৯টা ৫০ মিনিট পর্যন্ত মাঘী শুক্লাপঞ্চমী লাভ হইবে, সেই দিবসেই সরস্বতী (লক্ষ্মী ও লেখনী মস্যাধার পূজা করবেন। যদি উভয় দিনেই পূর্বাহ্নে পঞ্চমীপ্রাপ্ত হয়, দণ্ড ন্যূনকাল স্থায়ী হইলে হইবে না), তবে যে দিবস যুগ্মাদর হয়, অর্থাৎ চতুর্থীর পর পঞ্চমী লাভ হয়, সেই দিবসেই চতুর্থী অন্তে পূজা হইবে।

পূজাবিধি—প্রথমতঃ কৃতনিত্যক্রিয় পূজক শালগ্রাম শিলায় গন্ধপুষ্প দ্বারা গণেশাদি পঞ্চদেবতার পূজা পূর্বক শুদ্ধাসনে বসিয়া আচমন ও বিষ্ণুস্মরণাদি করিয়া স্বস্তিবাচন ও স্বস্তিসূক্ত পাঠ করিয়া সঙ্কল্প করবেন।

আচমন—দক্ষিণহস্তের তালু গোকর্ণাকৃতি করিয়া, মাষমগ্ন পরিমাণ জল লইয়া তিনবার পান করবেন ও তিনবার মন্ত্রপাঠ করবেন। যথা—"ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ, ওঁ বিষ্ণুঃ।" অতঃপর হস্ত প্রক্ষালন পূর্বক করযোড়ে বিষ্ণুস্মরণ করবেন।

বিষ্ণুস্মরণ—"ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদম্, সদা পশ্যন্তি, সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম্॥ ওঁ অপবিত্র পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ॥ ওঁ মাধবো মাধবো বাচি মাধবো মাধবো হৃদি। স্মরন্তি সাধবঃ সর্বে সর্বকার্যেষু মাধব॥ ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণু, ওঁ বিষ্ণু॥" অতঃপর স্বস্তিবাচন করবেন।

স্বস্তিবাচন—কুশীতে আতপ চাউল লইয়া বামহস্তে রাখিয়া দক্ষিণ হস্তদ্বারা আচ্ছাদন পূর্বক মন্ত্রপাঠ করবেন। যথা—ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতা পূজাপূর্বকলেখনীমস্যাধারসহিত সরস্বতী পূজাকর্মণি ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহং ভবন্তো ব্রুবন্তু, ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্, ওঁ পুণ্যাহম্॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতাপূজাপূর্বকলেখনীমস্যাধারসহিত সরস্বতী পূজাকর্মণি ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি ভবন্তো ব্রুবন্তু, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥ ওঁ কর্তব্যেঽস্মিন্ গণেশাদিনানাদেবতাপূজাপূর্বকলেখনীমস্যাধারসহিত সরস্বতী পূজাকর্মণি ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধিং ভবন্তো ব্রুবন্তু, ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্, ওঁ ঋদ্ধ্যতাম্। পরে স্ববেদোক্ত বা যজমানের বেদোক্ত স্বস্তিসূক্ত পাঠ করতে করতে আতপ চাউল বিকিরণ করবেন।

সামবেদীয় স্বস্তিসূক্ত—"ওঁ সোমং রাজানং বরুণমগ্নিমন্বারভামহে। আদিত্যং বিষ্ণুং সূর্যং ব্রহ্মাণঞ্চ বৃহস্পতিম্। ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

যজুর্বেদীয় স্বস্তিসূক্ত—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধাশ্রবাঃ, স্বস্তি নঃ পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমি, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ গণানাত্ত্বা গণপতিগুঁ হবামহে, প্রিয়াণাত্ত্বা প্রিয়পতিগুঁ হবামহে, নিধিনাত্ত্বা নিধিপতিগুঁ হবামহে। বসো মম॥ ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

ঋগ্বেদীয় স্বস্তিসূক্ত—"ওঁ স্বস্তি মিমীতামশ্বিনাভগঃ স্বস্তি দেব্যদিতি রণর্বণঃ। স্বস্তিপূষা শ্রীসুরো দধাতু নঃ স্বস্তি দ্যাবা পৃথিবী সুচেতুনা॥ স্বস্তয়ে বায়ুমুপব্রবামহৈ সোমং স্বস্তি ভুবনস্য যস্পতিঃ। বৃহস্পতিং সর্বগণং স্বস্তয়ে স্বস্তয়ঃ আদিত্যাসো ভবন্তু নঃ॥ ওঁ বিশ্বেদেবা নো অদ্যা স্বস্তয়ে বৈশ্বানরো বসুরগ্নি স্বস্তয়ে। দেবাঃ অবন্তুভবঃ

স্বস্তয়ে স্বস্তি নো রুদ্রঃ পাত্বং হসঃ। ওঁ স্বস্তি মিত্রাবরুণা স্বস্তি রেবতি ন ইন্দ্রশ্চাগ্নিশ্চ স্বস্তি নো অদিতে কৃধি। ওঁ স্বস্তি পন্থান মনুচরেম সূর্য চন্দ্র মসাবিব পুনর্দদতাঘ্নতা জনতা সঙ্গমেমহি ওঁ স্বস্ত্যয়নং তার্ক্ষ্যমরিষ্টনেমিং মহদ্ভুতং ত্রায়সং দেবতানাম্। অসুরঘ্নমিন্দ্রসখং সমৎযুবৃহদযশো নাবমিবারুহেম। ওঁ অংহোমুচমাঙ্গিরসং গয়ঞ্চ স্বস্ত্যাত্রেয়ং মনসা চ প্রযতপাণিঃ শরণং প্রপদ্যে, স্বস্তি সম্বাধেষ্বভয়ং নো অস্তু॥ ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবা স্বস্তি ন পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্ত্যার্ক্ষ্যোঽরিষ্টনেমিঃ স্বস্তিনো বৃহস্পতির্দধাতু॥ ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি, ওঁ স্বস্তি॥"

এর পরে কৃতাঞ্জলি হয়ে সাক্ষ্যমন্ত্র পাঠ করবেন।

সাক্ষ্যমন্ত্র—"ওঁ সূর্যঃ সোমো যমঃ কালঃ সন্ধ্যো ভূতান্যহ ক্ষপা। পবনো দিক্‌পতিভূমিরাকাশং খচরামরাঃ। ব্রাহ্মং শাসনমাস্থায় কল্পধ্বমিহ সন্নিধিম্।"

বরণ—কর্তা নিজে পূজা না করলে পুরোহিত বরণ* করবেন। কর্তা পূর্বমুখে ও পুরোহিত উত্তরমুখে বসবেন। *কর্তা* হাতজোড় ক'রে বলবেন—"ওঁ সাধু ভবানাস্তাম্।" *পুরোহিত* বলবেন—"ওঁ সাধ্বহমাসে।" *কর্তা*—"ওঁ অর্চয়িয্যামো ভবন্তম্।" *পুরোহিত*—"ওঁ অর্চয়।" তারপর কর্তা গন্ধপুষ্প যজ্ঞোপবীত ও বস্ত্রাঙ্গুরীয়ক গ্রহণ ক'রে বলবেন—"এতানি গন্ধপুষ্পবস্ত্রাঙ্গুরীয়ক যজ্ঞোপবীতানি ওঁ পূজক ব্রাহ্মণায় নমঃ।" এই ব'লে পুরোহিতকে দান করবেন। পুরোহিত বলবেন—"ওঁ স্বস্তি"। তারপর যজমান সামান্য আতপচাল নিয়ে পূজকের দক্ষিণ জানু ধারণ ক'রে বলবেন—"বিষ্ণুরোম্ তৎসদদ্য (শূদ্রপক্ষে—বিষ্ণুর্নমোঽদ্য) মাঘেমাসি শুক্লেপক্ষে শ্রীপঞ্চম্যান্তিথৌ অমুকগোত্র শ্রীঅমুকদেবশর্মা (শূদ্রপক্ষে—শ্রীঅমুকদাস) অমুকগোত্রং অমুক দেবশর্মাণং গন্ধাদিভিরভ্যর্চ ভবন্ত মহং বৃণে। *পুরোহিত* বলবেন—ওঁ বৃতোঽস্মি।" *কর্তা* বলবেন—"যথাবিহিত পূজক কর্ম কুরু।" *পুরোহিত* বলবেন—"যথাজ্ঞানং করবাণি।"

---

*বরণ কার্যটি প্রথমে শেষ ক'রে, তারপর পূজক তাঁর কার্য করবেন এবং স্ত্রী ও শূদ্রপক্ষে সর্বত্র কেবল, "স্বস্তি" শব্দ প্রয়োগ করুন। "পুণ্যাহং, সন্নিধিম্ ও ঋদ্ধিং" এই শব্দ এবং "ওঁ" এই মন্ত্র উচ্চারণ করবেন না, এর পরিবর্তে "নমঃ" শব্দ প্রয়োগ করবেন।

সঙ্কল্প—কুশীতে জল, হরীতকী, শ্বেতপুষ্প, তিল, কুশত্রিপত্র বামহাতে রেখে ডানহাত দ্বারা চাপা দিয়ে ডান হাঁটু মুড়ে সঙ্কল্প বাক্য পাঠ করবেন। যথা—"বিষ্ণুরোম তৎসদদ্য মাঘে মাসি মকররাশিস্থে ভাস্করে (ফাল্গুন মাস হ'লে—কুম্ভরাশিস্থে ভাস্করে) শুক্লেপক্ষে শ্রীপঞ্চম্যান্তিথৌ অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মা (যজমানের হ'লে—অমুকগোত্রঃ শ্রীঅমুক দেবশর্মণঃ) সরস্বতী প্রীতিকামঃ লেখনী মস্যাধার সহিত সরস্বতী পূজা তদ্ধোম কর্মাহং করিষ্যে।" (পরার্থে—করিষ্যামি)। এরপর কিঞ্চিৎ জল ঈশান কোণে দিয়ে কুশীটি তাম্রটাটে উপুড় ক'রে দিয়ে, তার উপর আতপচাল ছড়াতে ছড়াতে ঘণ্টাধ্বনি সহকারে স্ব-স্ববেদোক্ত সঙ্কল্পসূক্ত পাঠ করবেন।

সামবেদীয় সঙ্কল্পসূক্ত—"ওঁ দেবো বো দ্রবিণোদাঃ পূর্ণাং বিবষ্টাসিচম্। উদ্বা সিঞ্চধ্ব মুপ বা পৃণধ্বমাদিদ্বো দেব ওহতে॥" তারপরে নিম্নলিখিত মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ অস্য সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু। ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু॥"

যজুর্বেদীয় সঙ্কল্পসূক্ত—"ওঁ যজ্জাগ্রতো দূরমুদৈতি দৈবং তদুসুপ্তস্য তথৈবৈতি, দূরঙ্গমং জ্যোতিষাং জ্যোতিরেকং তন্মে নমঃ শিব সঙ্কল্পমস্তু॥" তারপরে নিম্নলিখিত মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ অস্য সঙ্কল্পিতার্থস্য সিদ্ধিরস্তু। ওঁ অয়মারম্ভ শুভায় ভবতু॥"

পরে আপন বেদোক্ত মন্ত্রদ্বারা পঞ্চগব্য শোধন ক'রে দেবীর অঙ্গে ও পূজার সামগ্রীতে ছিটিয়ে দেবেন।

সামবেদীয় পঞ্চগব্য শোধনমন্ত্র—*গোমূত্র*—গায়ত্রী পাঠ্য। *গোময়*—"ওঁ গাবশ্চিদ গা সমন্যবঃ, সজাত্যেন মরুতঃ সবন্ধবঃ রিহতে কুকুভো মিথঃ॥" *দুগ্ধ*—"গব্যো যু নো যথা পুরোশ্বয়োত রথয়া। বরিবস্যা মহোনাম্॥" *দধি*—"ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরোৎ প্র ণ আয়ুংষি তারিষৎ॥" *ঘৃত*—"ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্বী, পৃথ্বী মধুদুঘে সুপেশসা। দ্যাবা পৃথিবী বরুণস্য ধর্মণা, বিষ্কভিতে অজরে ভুরিরেতসা॥" *কুশোদক*—"ওঁ দেবস্য ত্বা সবিতুঃ প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পুষ্ণো হস্তাভ্যাং গৃহ্নামি॥" এরপর গায়ত্রী পাঠ ক'রে সব একসঙ্গে মিশিয়ে নিতে হ'বে।

যজুর্বেদীয় পঞ্চগব্য শোধনমন্ত্র—*গোমূত্র*—গায়ত্রী পাঠ্য। *গোময়*—"ওঁ গন্ধদ্বারা দুরার্ধষাং নিত্যপুষ্টাং করীষিণীম্। ঈশ্বরীং সর্বভূতানাং তামিহোপহ্বয়েশ্রিয়ম্॥" *দুগ্ধ*—"ওঁ আপ্যায়স্ব সমেতু তে বিশ্বতঃ সোমবৃষ্ণ্যং ভবা বাজস্য সঙ্গথে।" *দধি*—"ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখাকরোৎ প্র ণ আয়ুংষি তারিষৎ॥" ঘৃত—"ওঁ তেজোঽসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবানামনাধৃষ্টং দেবযজনমসি॥" *কুশোদক*—"ওঁ দেবস্য ত্বা সবিতু প্রসবেঽশ্বিনোর্বাহুভ্যাং পূষ্ণো হস্তাভ্যামাদদে॥" এরপর গায়ত্রী পাঠ ক'রে সব একসঙ্গে মিশিয়ে নিতে হ'বে। তারপর অধিবাস কার্য করবেন।

অধিবাস বিধি—সঙ্কল্প কার্য শেষ ক'রে পূর্ব বা উত্তর দিকে মুখ ক'রে ব'সে আচমন, বিষ্ণুস্মরণ ও গন্ধাদির অর্চনা ক'রে গন্ধপুষ্পদ্বারা প্রয়োজনীয় কতকগুলি পূজা করবেন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ গণেশায় নমঃ।" এইরূপে—"ওঁ শ্রীগুরবে নমঃ, ওঁ বিষ্ণবে নারায়ণায় নমঃ, ওঁ শিবায় নমঃ, ওঁ দুর্গায়ৈ নমঃ, ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো নমঃ, ওঁ ইন্দ্রাদি দশদিক পালেভ্যো নমঃ, ওঁ কাল্যাদি দশমহাবিদ্যাভ্যো নমঃ, ওঁ কুলদেবদেবীভ্যো নমঃ, ওঁ ইষ্টদেবদেবীভ্যো নমঃ।"

বরণডালার দ্রব্য—মহী (*মাটি*), গন্ধ (*চন্দন*), শিলা (*নুড়ি*), ধান, দূর্বা, ফুল, ফল (*গোটা কলাছড়া*), দই, ঘি, স্বস্তিক (*শ্রীচিহ্ন*), সিন্দূর, শাঁখ, কাজল, রোচনা, শ্বেত সরিষা, স্বর্ণ, রৌপ্য, তাম্র, চামর, দর্পণ, দীপ, হরিদ্রাসূত্র।

সামবেদীয় অধিবাস—(*মাটি*)—"ওঁ মহীত্রীণা মবরস্তু, দুক্ষ্যং মিত্রস্যার্যমনঃদুরাধর্ষং বরুণস্য। ওঁ অনয়া মহ্যা অস্যা শ্রীসরস্বতী দেব্যা শুভাধিবাসন মস্তু॥" (এইরূপে সর্বত্র) যথা—(*গন্ধ*) "ওঁ অলর্ষিরাতিং বসুদামুপ স্তুহি, ভদ্রা ইন্দ্রস্য রাতয়ঃ। যো অস্য কামং বিধতো ন রোষতি, মনোদানায় চোদয়ন্॥ ওঁ অনেন গন্ধেন" ইত্যাদি। (*শিলা*) "ওঁ বিন্নদাপো ন পর্বতস্য পৃষ্ঠা, দুকথাভিরগ্নে জনয়ন্ত দেবাঃ তং তা গিরাঃ সুষ্টতয়ো বাজয়ন্ত্যাজিং ন গির্বাহো জিগ্যুরশ্বাঃ। ওঁ অনয়া শিলয়া" ইত্যাদি। (*ধান*)—"ওঁ ধানাবন্তং করম্ভিণ মপুপবন্ত মুকথিনম্। ইন্দ্রপাতর্জুযস্ব নঃ। ওঁ অনেন ধান্যেন" ইত্যাদি। (*দূর্বা*)—"যজ্জায়থা অপূর্ব মঘবন্ বৃত্রহত্যায়। তৎ পৃথিবী মপ্রথয়, স্তদস্তভ্না উতো দিবম্॥ ওঁ অনয়া দূর্বয়া" ইত্যাদি।

(*ফুল*)—"ওঁ পবমান ব্যশ্ন্যাহি রশ্মির্বাজসাতমঃ। দধৎ স্তোত্রে সুবীর্যম্॥ ওঁ অনেন পুষ্পেন" ইত্যাদি। (*ফল*)—"ওঁ ইন্দ্রো নরো নেমাধিতা হবন্তে, যৎ পার্যা যুনজতে ধীয়স্তাঃ শূরো নৃষাতা শ্রবসশ্চকাম, আ গোমতি ব্রজে ভজা ত্বং নঃ। ওঁ অনেন ফলেন" ইত্যাদি। (*দই*)—"ওঁ দধিক্রাব্ণো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ প্র ণ আয়ুংষি তারিষৎ॥ ওঁ অনয়া দধ্না" ইত্যাদি। (*ঘি*)—"ওঁ ঘৃতবতী ভুবনানামভিশ্রিয়োর্বী পৃথ্বী মধুদুঘে অপেশসা। দ্যাবাপৃথিবী বরুণস্য ধর্মণা, বিষ্কভিতে অজরে ভুরিরেতসা॥ ওঁ অনেন ঘৃতেন" ইত্যাদি। (*স্বস্তিক*)—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ স্বস্তি ন পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ অনেন স্বস্তিকেন" ইত্যাদি। (*সিন্দুর*)—"ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্ত মুক্ষণং ঘৃতস্য পাবাঃ পশুমপ্সুগৃভ্ণতে। ওঁ অনেন সিন্দূরেণ" ইত্যাদি। (*শাঁখ*)—"ওঁ সসুম্নে যো বসুনাং যো রায়া-মানেতা য ঈড়ানাম্। সোমো যং সুক্ষিতীনাম্॥ ওঁ অনেন শঙ্খেন" ইত্যাদি। (*কাজল*)—"ওঁ অঞ্জতে ব্যঞ্জতে সমঞ্জতে, ক্রতুং রিহন্তি মধ্বাভ্যঞ্জতে। ওঁ অনেন কজ্জলেন" ইত্যাদি। (*রোচনা*)—"ওঁ অবজেনা অধ বা দিবো বৃহতো রোচনা দধি। অয়া বার্ধস্ব তন্নাগিরা, মম জাতা শুক্রতো পৃণ॥ ওঁ অনয়া রোচনয়া" ইত্যাদি। (*শ্বেত সরিষা*)—"ওঁ এষো উষা অপূর্বা, বুচ্ছতি প্রিয়া দিবা। স্তুষে বামশ্বিনা বৃহৎ॥ ওঁ অনেন সিদ্ধার্থেন" ইত্যাদি। (*স্বর্ণ*)—"ওঁ তং গৃর্ধয়া পূর্ণাং দেবাসো, দেবম্ রতিং দধানীরে। দেবত্রা হব্যমূহিষে॥ ওঁ অনেন কাঞ্চনেন" ইত্যাদি। (*রৌপ্য*)—"ওঁ যদ্বর্চো হিরণ্যস্য যদ্বাবর্চো গবামূত। সত্যস্ব ব্রহ্মণো বর্চস্তেন মা সং সৃজামসি॥ অনেন রৌপ্যেন" ইত্যাদি। (*তাম্র*)—"ওঁ বামহাঁ অসি সূর্য বড়াদিত্য মহাঁ অসি। মহস্তে সতো মহিমা পনিষ্টম, মহ্না দেব মহাঁ অসি॥ ওঁ অনেন তাম্রেন" ইত্যাদি। (*চামর*)—"ওঁ বাত আ বাতু ভেষজং শম্ভু ময়োভু নো হৃদে। প্র ণ আয়ুংষি তারিষৎ॥ ওঁ অনেন চামরেণ" ইত্যাদি। (*দর্পণ*)—"ওঁ আদিৎ প্রত্নস্য রেতসো, জ্যোতি স্পশ্যন্তি বাসরম্। পরো যদিধ্যতে দিবি॥ ওঁ অনেন দর্পণেন" ইত্যাদি। (*দীপ*) —"ওঁ অগ্ন আয়াহি বীতয়ে, গৃণানো হব্যদাতয়ে। নি হোতা সৎসি বর্হিসি॥ ওঁ অনেন দীপেন" ইত্যাদি। (*বরণডালা*)—"ওঁ উদ্যল্লোকাঁন্নরোচয়, প্রজাভূতমরোচয়, বিশ্বভৃত মরোচয়। ওঁ অনেন প্রশস্তি পাত্রেন" ইত্যাদি। (*দূর্বাযুক্ত হরিদ্রাসূত্র*)—"ওঁ সূত্রামানং পৃথিবী দ্যামনেহসং সুশর্মান মদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং সরিত্রামনাগস মস্রবন্তী মা রুহেমা স্বস্তয়ে॥ ওঁ অনেন মাঙ্গল্য-সূত্রেন" ইত্যাদি। অতঃপর সূত্রটি দেবীর বামহাতে বেঁধে দেবেন।

যজুর্বেদীয় অধিবাস—(*মাটি*)—"ওঁ ভূরসি ভূমিরস্য দিতিরসি। বিশ্বধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃগুঁহ, পৃথিবীং মা হিগুঁসি॥ ওঁ অনয়া মহ্যা অস্যা শ্রীসরস্বতী দেব্যাঃ শুভাধিবাসন মস্তু।" (এই রকম সর্বত্র)। যথা—(*গন্ধ*)—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করিষীণীম্। ঈশ্বরীং সর্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্॥ ওঁ অনেন গন্ধেন" ইত্যাদি। (*শিলা*)—"ওঁ প্র পর্বতস্য, বৃষভস্য স্বষ্ঠান্নাবশ্চরন্তি স্বসিচঃ ইয়ানাঃ। তা আবনত্রন্নধরাগুদক্ত, অহিং বুধ্ন মনু রীয়মানাঃ॥ ওঁ অনয়া শিলয়া" ইত্যাদি। (*ধান*)—"ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্, ধিনুহি যজ্ঞম্। ধিনুহি যজ্ঞপতিং ধিনুহি মাং যজ্ঞন্যম্॥ ওঁ অনেন ধান্যেন" ইত্যাদি। (*দূর্বা*)—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তি পরুষ পরুষম্পরি। এবা নো দূর্বে প্রতনু সহস্রেন শতেন চ॥ ওঁ অনয়া দূর্বয়া" ইত্যাদি। (*ফুল*)—"ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যাবহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনো ব্যাত্তম্। ইষ্ণন্নিষানামুম্ম ইষাণ॥ ওঁ অনেন পুষ্পেন" ইত্যাদি। (*ফল*)—"ওঁ যা ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিনীঃ। বৃহস্পতিপ্রসূতা স্তা নো মুঞ্চন্ত্বগুঁহসঃ॥ ওঁ অনেন ফলেন" ইত্যাদি। (*দই*)—"ওঁ দধিক্রাব্নো অকারিষং জিষ্ণোরশ্বস্য বাজিনঃ। সুরভি নো মুখা করৎ, প্র ণ আয়ুংষি তারিষৎ॥ ওঁ অনয়া দধ্না" ইত্যাদি। (*ঘি*)—"ওঁ তেজোহসি শুক্রমস্যমৃতমসি ধামনামাসি। প্রিয়ং দেবনামধৃষ্টং দেব যজ্ঞনমসি॥ ওঁ অনেন ঘৃতেন" ইত্যাদি। (*স্বস্তিক*)—"ওঁ স্বস্তি ন ইন্দ্রো বৃদ্ধশ্রবাঃ, স্বস্তি নো পূষা বিশ্ববেদাঃ। স্বস্তি নস্তার্ক্ষ্যো অরিষ্টনেমিঃ, স্বস্তি নো বৃহস্পতির্দধাতু॥ ওঁ অনেন স্বস্তিকেন" ইত্যাদি। (*সিন্দুর*)—"ওঁ সিন্ধোরিব প্রাধ্বনে শূঘনাসো বাত প্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ ঘৃতস্য ধারা অরুষোন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্মিভিঃ পিন্বমানঃ॥ ওঁ অনেন সিন্দূরেণ" ইত্যাদি। (*শাঁখ*)—"ওঁ প্রতিশ্রুতকায়া অর্তনং ঘোষায় ভষমন্তায় বহুবাদিনঃ মনন্তায় মুকগুঁ। শব্দায়াড়ম্বরা ঘাতস্মহসে ধানাবাদং, ক্রোশায় তৃণবধ্ম, মবরম্পরায় শঙ্খধ্নং বনায় কল্প, মন তোহরণায় দাবপম্॥ ওঁ অনেন শঙ্খেন" ইত্যাদি। (*কাজল*)—"ওঁ সমিদ্ধো অঞ্জন্ কৃদরং যতীনাং ঘৃতমগ্নে মধুমং পিন্বমানঃ। বাজী বহন বাজিনং জাতবেদাং দেবানাম্ বক্ষি প্রিয় মা সধৎসুম্॥ ওঁ অনেন কজ্জ্বলেন" ইত্যাদি। (*রোচনা*)—"ওঁ যুঞ্জন্তে ব্রধ্নমরুষ চরন্তং পরিতস্থুয়ঃ। রোচন্তে রোচনা দিবি॥ ওঁ অনয়া রোচনয়া" ইত্যাদি। (*শ্বেত সরিষা*)—"ওঁ রক্ষোহণো বো বলগহনঃ প্রোক্ষামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বলগহনোহ্বয়ামি বৈষ্ণবান্। রক্ষোহণো বো বলগহনোঽবস্তৃমামি বৈষ্ণবান্। রক্ষোহণৌ বাং বলগহনা উপদধামি বৈষ্ণবী। রক্ষোহণৌ বাং বলগহণৌ পর্যুহামি বৈষ্ণবী। বৈষ্ণবমসি। বৈষ্ণবাঃ স্থ॥ ওঁ অনেন সিদ্ধার্থেন" ইত্যাদি। (*স্বর্ণ*)—"ওঁ

হিরণ্যগর্ভঃ সমবর্ত্ততাগ্রে, ভূতস্য জাতঃ পতিরেক আসীৎ। সদাধার পৃথিবীং দ্যামুতেমাং, কস্মৈ দেবায় হবিষা বিধেম॥ ওঁ অনেন কাঞ্চনেন" ইত্যাদি। (রৌপ্য)—"ওঁ রূপেন বো রূপমভ্যাগাং তুথো বা বিশ্বদেবা বিভজতু। ঋতস্য পথা প্রেত চন্দ্র দক্ষিণা, বি স্বঃ পশ্য ব্যন্তরিক্ষং যতস্বঃ স্বদস্যৈঃ॥ ওঁ অনেন রৌপ্যেন" ইত্যাদি। (*তাম্র*)—"ওঁ অসৌ

ধেনু মুদ্রা

যোনিমুদ্রা

অবগুণ্ঠনমুদ্রা

মৎস্যমুদ্রা

অঙ্কুশমুদ্রা

যস্তাম্রো অরুণ, উত বভ্রুঃ সুমঙ্গলঃ। যে চেমাগুঁ রুদ্রা অবিতো দিক্ষু শ্রিতাঃ, সহস্রশোঽবৈষাগুঁ হেড় ঈমহে॥ ওঁ অনেন তাম্রেন" ইত্যাদি। (*চামর*)—"ওঁ বাতো বা মনো বা গন্ধর্বাঃ সপ্তবিগুঁশতি। তে অগ্রে অশ্বমযুঞ্জন্তে অস্মিঞ্জবমা দধুঃ॥ ওঁ অনেন চামরেণ" ইত্যাদি। (*দর্পণ*)—"ওঁ আকৃষ্ণেন রজসা বর্তমানো নিবেশয়ন্ন মৃতং মর্ত্যঞ্চ। হিরণ্যয়েন সবিতা রথেনা, দেবো যাতি ভুবনানি পশ্যন্॥ ওঁ অনেন দর্পণেন" ইত্যাদি। (*দীপ*)—"ওঁ মনোজুতি র্জুষতা মাজস্য বৃহস্পতি যজ্ঞমিমং তনোত্বরিষ্টং যজ্ঞগুঁ সমিমং দধাতু। বিশ্বে দেবাস ইহ মাদয়ন্তা মোঁ প্রতিষ্ঠ॥ ওঁ অনেন দীপেন" ইত্যাদি। (*বরণডালা*)—"ওঁ প্রতিপদসি প্রতিপদে ত্বা নুপদস্যনুপদে। ত্বাং সম্পদসি সম্পদে ত্বা, তেজোঽসি তেজসেত্বা॥ ওঁ অনেন প্রশস্তি পাত্রেন" ইত্যাদি। (*মাঙ্গল্যদ্রব্য*)—"ওঁ অনেন মাঙ্গল্য দ্রব্যেন" ইত্যাদি। (*দূর্বাযুক্ত হরিদ্রাসূত্র*)—"ওঁ সূত্রামানং পৃথিবীং দ্যামনেহসং সুশর্মানমদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং স্বরিত্রা মনাগসমস্রবন্তী মা রুহেমো স্বস্তয়ে॥ ওঁ অনেন মাঙ্গল্য সূত্রেন" ইত্যাদি।

এরপর—"এষ পুষ্পাঞ্জলি ওঁ ঐং সরস্বত্যৈ দেব্যৈ নমঃ।" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দিয়ে অধিবাসের কাজ শেষ ক'রে সামান্যার্ঘ্য স্থাপন করবেন।

সামান্যার্ঘ্য স্থাপন—ভূমিতে ত্রিকোণমণ্ডল ক'রে মণ্ডলে—"ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্প দিয়ে পূজা ক'রে "ফট্" মন্ত্রে প্রোক্ষণীপাত্র (কোশা) প্রক্ষালন করতঃ মণ্ডলোপরি স্থাপন করুন। পরে (ঐং) মূলমন্ত্রে অথবা "ওঁ" মন্ত্রে পাত্র জলপূর্ণ ক'রে "ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।" মন্ত্রে পূজা ক'রে পাত্রের জলে গন্ধপুষ্পাদি প্রদান দ্বারা ধেনুমুদ্রা, যোনিমুদ্রা, অবগুণ্ঠনমুদ্রা ও মৎস্যমুদ্রা প্রদর্শন ক'রে অঙ্কুশমুদ্রায়—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্ম্মদে সিন্ধু কাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥" মন্ত্রে তীর্থাবাহন ক'রে পরে পাত্রের জল দিয়ে পূজোপকরণ ও নিজেকে অভ্যুক্ষণ ক'রে দ্বারপূজা করবেন।

দ্বারপূজা—জল দিয়ে "ফট্" মন্ত্রে দ্বারদেশ অভ্যুক্ষণ ক'রে দ্বারদেবতাদের আবাহন ক'রে পূজা করুন। যথা—"এতে গন্ধপুষ্পে ওঁ গাং গণেশায় নমঃ।" অশক্ত হ'লে—"ওঁ দ্বারদেবতাগণেভ্যো নমঃ।" মন্ত্রে একত্রে পূজা করবেন, পরে বিঘ্নাপসারণ ক'রে মাষভক্তবলি প্রদান করবেন।

বিঘ্নাপসারণ—মূলমন্ত্রে (ঐং) দিব্যদৃষ্টিদ্বারা দিব্যবিঘ্ন, "ওঁ অস্ত্রায় ফট্।" মন্ত্রে অন্তরীক্ষের বিঘ্ন ও ভূমিতে বামপদের গোড়ালী দিয়ে তিনবার আঘাত ক'রে ভৌমবিঘ্ন অপসারণ করবেন।

মাষভক্তবলি—নিজের বামপাশে সামান্য জল দিয়ে ত্রিকোণ মণ্ডল অঙ্কিত ক'রে তার উপরে কদলীপত্রে বা মাটির খুরিতে মাষকলাই, দধি ও আতপ চাল দিয়ে সাজিয়ে ভূতগণের আবাহন করবেন। যথা—"ওঁ ভূতাদয়ঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধেহি, ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্ণীত॥" এরপর—"এতে গন্ধপুষ্পে ওঁ ভূতাদিভ্যো নমঃ।" মন্ত্রে পূজা ক'রে মাষভক্তবলি উৎসর্গ করবেন। যথা—"বং এতস্মৈ মাষভক্তবলয়ে নমঃ।" এই মন্ত্রটি তিনবার ব'লে তাতে তিনবার কুশোদক দেবেন। "এতে গন্ধপুষ্পে মাষভক্তবলয়ে নমঃ, এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে ওঁ বিষ্ণবে নমঃ। এতৎ সম্প্রদানায় ভূতাদিভ্যো নমঃ।" এই মন্ত্রে উৎসর্গ ক'রে—"ওঁ ভূতাদয় ক্ষমধ্বম্।" মন্ত্রে একগণ্ডূষ জল দিয়ে করযোড়ে পরবর্তী মন্ত্র পাঠ করবেন। যথা—"ওঁ ভূতাঃ প্রেতাঃ পিশাচাশ্চ যে বসন্ত্যত্র ভূতলে। তে গৃহ্নন্তু ময়া

দত্তো বলিরেষ প্রসাধিতঃ ॥ পূজিতা গন্ধপুষ্পাদ্যৈর্বলিভিস্তর্পিতাস্তথা। দেশদস্মাদ্বিনিঃসৃত্য পূজাং পশ্যন্তু মৎকৃতাম্ ॥" এরপর অল্প শ্বেত সরিষা অথবা আতপ চাল নিয়ে সাতবার "ফট্" মন্ত্রে অভিমন্ত্রিত ক'রে পরবর্তী মন্ত্র পাঠ ক'রে চারিদিকে ছড়াবেন। যথা—"ওঁ অপসর্পন্তু তে ভূতা যে ভূতা ভুবি সংস্থিতা। যে ভূতা বিঘ্নকর্তারস্তে নশ্যন্তু শিবাজ্ঞয়া ॥ ওঁ বেতালাশ্চ পিশাচাশ্চ রাক্ষসাশ্চ সরীসৃপাঃ। অপসর্পন্তু তে সর্বে নারসিংহেন তাড়িতাঃ ॥" এরপর আসনশুদ্ধি করবেন।

আসনশুদ্ধি—ভূমিতে ত্রিকোণমণ্ডল অঙ্কন ক'রে "ওঁ হ্রীং আধারশক্তয়ে কমলাসনায় নমঃ।" মন্ত্রে পূজা ক'রে মণ্ডলের উপরে আসন স্থাপন ক'রে সেই আসন স্পর্শ ক'রে পাঠ করবেন—"অস্য আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠঋষিঃ সুতলং ছন্দঃ কূর্মোদেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ। ওঁ পৃথ্বী ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা। ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্।" (*বামে*) "ওঁ গুরুভ্যো নমঃ, ওঁ পরমগুরুভ্যো নমঃ, ওঁ পরাপরগুরুভ্যো নমঃ ওঁ পরমেষ্টিগুরুভ্যো নমঃ", (*দক্ষিণে*) "ওঁ গণেশায় নমঃ", (*মধ্যে*) ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেবতায়ৈ নমঃ।" এরপর "ফট্" মন্ত্রে গন্ধপুষ্প দিয়ে করতল দু'টি শোধন ক'রে তুড়ি দিয়ে দশদিক বেঁধে পুষ্পশুদ্ধি করবেন।

পুষ্পশুদ্ধি—পুষ্পে সরস্বতীর আবির্ভাব চিন্তা ক'রে—"পুষ্পকেতু রাজার্হতে শতায় সম্যক সম্বন্ধায় হূং।" মন্ত্রে পুষ্প স্পর্শ ক'রে—"ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে। পুষ্পচয়াবকীর্ণে চ হুঁ ফট্ স্বাহা ॥" ব'লে পুষ্প শোধন ক'রে প্রাণায়াম করবেন।

প্রাণায়াম—দক্ষিণনাসাপুট ধারণ ক'রে মূলমন্ত্র (ঐং) ষোলবার জপ ক'রে বায়ু পূরণ করুন। পরে উভয় নাসারন্ধ্র রুদ্ধ ক'রে চৌষট্টিবার জপ ক'রে কুম্ভক করুন। পরে বত্রিশবার জপ ক'রে দক্ষিণ নাসাপুটে বায়ু রেচন করুন। পরে বিপরীতভাবে অর্থাৎ বামনাসা রুদ্ধ ক'রে দক্ষিণনাসাপুটে বায়ু পূরণ ক'রে উভয় নাসা রুদ্ধ ক'রে কুম্ভক করুন এবং বামনাসা দ্বারা বায়ু পরিত্যাগ করুন। আবার বামনাসায় বায়ু পূরণ ক'রে কুম্ভক ক'রে দক্ষিণনাসায় বায়ু পরিত্যাগ করুন। এই ভাবে তিনবার করলে, একবার প্রাণায়াম হয়। প্রাণায়াম পূরকে ষোলো, কুম্ভকে চৌষট্টি ও রেচকে বত্রিশবার করতে হয়। অসমর্থ হ'লে একবার করলে প্রাণায়াম সিদ্ধ হয় ॥ অশক্ত হ'লে ষোলোর পরিবর্তে চারবার, চৌষট্টির পরিবর্তে ষোলোবার এবং বত্রিশের পরিবর্তে আটবার জপ করলেও সিদ্ধ হয়। এরপর ভূতশুদ্ধি করবেন।

ভূতশুদ্ধি—প্রথমে নিজের চারদিকে জলধারা দিয়ে নিজেকে বহ্নিপ্রাচীরে ঘেরা ব'লে চিন্তা করতে করতে নিম্নলিখিত চারটি মন্ত্র পাঠ করবেন—"ওঁ *মূলশৃঙ্গাটাচ্ছিরঃ*

সুষুম্না পথেন জীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা ॥১॥ ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা ॥২॥ ওঁ রং সঙ্কোচশরীরং দহ দহ স্বাহা ॥৩॥ ওঁ পরমাশিব সুষুম্না পথেন মূলশৃঙ্গাটামুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্জ্বল প্রজ্জ্বল সোঽহং হংসঃ স্বাহা ॥৪॥" এবার করশুদ্ধি করবেন।

করশুদ্ধি—'ঐং' মন্ত্র উচ্চারণ ক'রে একটি রক্তবর্ণ পুষ্প নিয়ে 'ওঁ' এই মন্ত্রে ঐ পুষ্প দুই করতলে ঘষে 'হ্সৌঁ' মন্ত্রে ঐ পুষ্প ঈশানকোণদেশে ছুঁড়ে দেবেন। পরে ন্যাসাদি করবেন।

মাতৃকান্যাস—"অস্য মাতৃকামন্ত্রস্যব্রহ্মর্ঋষির্গায়ত্রীচ্ছন্দো মাতৃকাসরস্বতী দেবতা হলো বীজানি স্বরাঃশক্তয়ঃমাতৃকান্যাসে বিনিয়োগঃ ॥ শিরসি—ওঁ ব্রহ্মণে ঋষয়ে নমঃ। মুখে—ওঁ গায়ত্রীচ্ছন্দসে নমঃ। হৃদি—ওঁ মাতৃকা-সরস্বত্যৈ দেবতায়ৈ নমঃ। গুহ্যে—ওঁ হল্‌ভ্যো বীজেভ্যো নমঃ। পাদয়োঃ—ওঁ স্বরেভ্যোঃ শক্তিভ্যো নমঃ। সর্বাঙ্গে—ওঁ অব্যক্তায় কীলকায় নমঃ।"

অন্তর্মাতৃকান্যাস—"অং আং ইং ঈং উং ঊং ঋং ৠং ঌং ৡং এং ঐং ওং ঔং অং অঃ ইতি কণ্ঠে। কং খং গং ঘং ঙং চং ছং জং ঝং ঞং টং ঠং ইতি হৃদয়ে। ডং ঢং ণং তং থং দং ধং নং পং ফং ইতি নাভৌ। বং ভং মং যং রং লং ইতি লিঙ্গমূলে। বং শং ষং সং ইতি মূলাধারে। হং ক্ষং ইতি ভ্রূমধ্যে।"

বাহ্যমাতৃকান্যাস—"ওঁ পঞ্চাশল্লিপিভির্বিভক্তমুখদোঃ পন্মধ্যবক্ষস্থলাং ভাস্বন্মৌলিনিবদ্ধচন্দ্রশকলামাপীনতুঙ্গস্তনীম্। মুদ্রামক্ষগুণং সুধাঢ্যকলসং বিদ্যাঞ্চ হস্তাম্বুজৈর্বিভ্রাণাং বিশদপ্রভাং ত্রিনয়নাং বাগ্‌দেবতামাশ্রয়ে ॥ অং নমঃ (ললাটে), আং নমঃ (মুখবৃত্তে), ইং ঈং নমঃ (চক্ষুয়োঃ), উং ঊং নমঃ (কর্ণয়োঃ), ঋং ৠং নমঃ (নাসোঃ) ঌং ৡং নমঃ (গণ্ডয়োঃ), এং নমঃ (ওষ্ঠে), ঐং নমঃ (অধরে), ওং নমঃ (ঊর্দ্ধদন্তে), ঔং নমঃ (অধোদন্তে), অং নমঃ (মস্তকে), অঃ নমঃ (মুখে), কং নমঃ (দক্ষবাহুমূলে), খং নমঃ (কূর্পরে), গং নমঃ (মণিবন্ধে), ঘং নমঃ (অঙ্গুলিমূলে), ঙং নমঃ (অঙ্গুল্যগ্রে), চং নমঃ (বামবাহুমূলে), ছং নমঃ (কূর্পরে), জং নমঃ (মণিবন্ধে), ঝং নমঃ (অঙ্গুলিমূলে), ঞং নমঃ (অঙ্গুল্যগ্রে), টং নমঃ (দক্ষিণোরুমূলে), ঠং নমঃ (জানুনি), ডং নমঃ (গুল্‌ফে), ঢং নমঃ (অঙ্গুলিমূলে), ণং নমঃ (অঙ্গুল্যগ্রে), তং নমঃ (বামোরুমূলে), থং নমঃ

(জানুনি), দং নমঃ (গুল্‌ফে), ধং নমঃ (অঙ্গুলিমূলে), নং নমঃ (অঙ্গুল্যগ্রে), পং নমঃ (দক্ষিণপার্শ্বে), ফং নমঃ (বামপার্শ্বে), বং নমঃ (পৃষ্ঠে), ভং নমঃ (নাভৌ), মং নমঃ (উদরে), যং নমঃ (হৃদি), রং নমঃ (দক্ষস্কন্ধে), লং নমঃ (ককুদি), বং নমঃ (বামস্কন্ধে), শং নমঃ (হৃদাদি দক্ষহস্তে), ষং নমঃ (হৃদাদি বামহস্তে), সং নমঃ (হৃদাদি দক্ষিণপাদে), হং নমঃ (হৃদাদি বামপাদে), লং নমঃ (হৃদয়াদ্যুদরে), ক্ষং নমঃ (হৃদাদি মুখে)।"

সংহারমাতৃকান্যাস—"ওঁ অক্ষস্রজং হরিণপোতমুদগ্রটঙ্কং, বিদ্যাং করৈরবিরতং দধতীং ত্রিনেত্রাম্। অর্দ্ধেন্দুমৌলিমরুণামরবিন্দবাসাং, বর্ণেশ্বরীং প্রণমত স্তনভারনম্রাম্॥ ক্ষং নমঃ হৃদয়াদি মুখে, লং নমঃ হৃদয়াদি জঠরে, হং নমঃ হৃদয়াদি বামপাদাগ্রে, সং নমঃ হৃদয়াদি দক্ষিণপাদাগ্রে, ষং নমঃ হৃদয়াদি বামকরাগ্রে, শং নমঃ হৃদয়াদি দক্ষিণকরাগ্রে, বং নমঃ বামস্কন্ধে, লং নমঃ ককুদি, রং নমঃ দক্ষিণস্কন্ধে, যং নমঃ হৃদি, মং নমঃ উদরে, ভং নমঃ নাভৌ, বং নমঃ পৃষ্ঠে, ফং নমঃ বামপার্শ্বে, পং নমঃ দক্ষিণপার্শ্বে, নং নমঃ বামপাদাঙ্গুল্যগ্রে, ধং নমঃ অঙ্গুলিমূলে, দং নমঃ গুল্‌ফে, থং নমঃ জানুনি, তং নমঃ বামপাদমূলে, ণং নমঃ দক্ষিণপাদাঙ্গুল্যগ্রে, ঢং নমঃ অঙ্গুলিমূলে, ডং নমঃ গুল্‌ফে, ঠং নমঃ জানুনি, টং নমঃ দক্ষপাদমূলে, ঞং নমঃ বামকরাঙ্গুল্যগ্রে, ঝং নমঃ অঙ্গুলিমূলে, জং নমঃ বামমণিবন্ধে, ছং নমঃ কূর্পরে, চং নমঃ বামবাহুমূলে, ঙং নমঃ দক্ষিণকরাঙ্গুল্যগ্রে, ঘং নমঃ অঙ্গুলিমূলে, গং নমঃ দক্ষমণিবন্ধে, খং নমঃ কূর্পরে, কং নমঃ দক্ষবাহুমূলে, অঃ নমঃ মুখে, অং নমঃ মস্তকে, ঔং নমঃ অধোদন্তপঙ্‌ক্তৌ, ওং নমঃ ঊর্দ্ধদন্তপঙ্‌ক্তৌ, ঐং নমঃ অধরে, এং নমঃ ওষ্ঠে, ৯ং নমঃ বামগণ্ডে, ৯ং নমঃ দক্ষিণগণ্ডে, ৠং নমঃ বামনাসাপুটে, ঋং নমঃ দক্ষিণনাসাপুটে, ঊং নমঃ বামকর্ণে, উং নমঃ দক্ষিণকর্ণে, ঈং নমঃ বামনেত্রে, ইং নমঃ দক্ষিণনেত্রে, আং নমঃ মুখবৃত্তে, অং নমঃ ললাটে।"

কূর্মমুদ্রা

পীঠন্যাস—অঙ্গুষ্ঠ ও অনামিকা দ্বারা পুষ্প নিয়ে ন্যাস করবেন। যথা—*হৃদয়ে*—"ওঁ আধারশক্তয়ে নমঃ, ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ।" *দক্ষিণস্কন্ধে*—"ওঁ ধর্মায় নমঃ।" *বামস্কন্ধে*—"ওঁ জ্ঞানায় নমঃ।" *দক্ষিণ উরুতে*—"ওঁ বৈরাগ্যায় নমঃ।" *বাম উরুতে*—"ওঁ ঐশ্বর্যায় নমঃ" *মুখে*—"ওঁ অধর্মায় নমঃ।" *দক্ষিণ পার্শ্বে*—"ওঁ অজ্ঞানায় নমঃ।" *বামপার্শ্বে*—"ওঁ

অনৈশ্বর্যায় নমঃ।" *হৃদয়ে*—"ওঁ অনন্তায় নমঃ, ওঁ পং পদ্মায় নমঃ, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, সং সত্ত্বায় নমঃ, রং রজসে নমঃ, তং তমসে নমঃ, আং আত্মনে নমঃ, অং অন্তরাত্মনে নমঃ, পং পরমাত্মনে নমঃ, হ্রীং জ্ঞানাত্মনে নমঃ।" *হৃদপদ্মে*—"ওঁ মেধায়ৈ নমঃ, ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ, ওঁ প্রভায়ৈ নমঃ, ওঁ শ্রিয়ৈ নমঃ, ওঁ ধৃত্যৈ নমঃ, ওঁ স্মৃত্যৈ নমঃ।" *মধ্যে*—"ওঁ বিঘ্নেশ্বর্যৈ নমঃ, ওঁ বর্ণকমলাসনায় নমঃ।"

করন্যাস—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং অঙ্গুষ্ঠাভ্যাং নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুঁ। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্॥"

অঙ্গন্যাস—"ওঁ অং কং খং গং ঘং ঙং আং হৃদয়ায় নমঃ। ওঁ ইং চং ছং জং ঝং ঞং ঈং শিরসে স্বাহা। ওঁ উং টং ঠং ডং ঢং ণং ঊং শিখায়ৈ বষট্। ওঁ এং তং থং দং ধং নং ঐং কবচায় হুঁ। ওঁ ওং পং ফং বং ভং মং ঔং নেত্রত্রয়ায় বৌষট্। ওঁ অং যং রং লং বং শং ষং সং হং লং ক্ষং অঃ অস্ত্রায় ফট্॥"

ব্যাপকন্যাস—একটি গন্ধপুষ্প নিয়ে মাথা থেকে পা পর্যন্ত এবং পা থেকে মাথা পর্যন্ত পাঁচবার অথবা সাতবার "ওঁ ঐং" মন্ত্র উচ্চারণ করতে করতে স্পর্শ করবেন।

ঋষ্যাদিন্যাস—"*শিরসি*—ওঁ কন্বয়ে ঋষয়ে নমঃ, *মুখে*—বিরাড়্ গায়ত্রীচ্ছন্দসে নমঃ, *হৃদি*—ওঁ বাগীশ্বর্যৈ দেবতায়ৈ নমঃ।" এরপর কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে দেবীর ধ্যান করবেন।

ধ্যান—"ওঁ তরুণশকলমিন্দোর্বিভ্রতী শুভ্রকান্তিঃ। কুচভরণমিতাঙ্গী সন্নিষণ্ণা সিতাব্জে॥ নিজকরকমলোদ্যল্লেখনী পুস্তকশ্রীঃ। সকলবিভবসিদ্ধ্যৈ পাতু বাগ্‌দেবতা নঃ॥" ধ্যানের পর পুষ্পটি নিজের মস্তকে দিয়ে মানসোপচারে পূজা করবেন।

মানসপূজা—নিজের হৃদ্‌পদ্মে দেবীকে রত্নবেদিকার উপর প্রতিষ্ঠিতা চিন্তা ক'রে, যথাক্রমে—কুলকুণ্ডলিনী পাত্রের বারি পাদ্য, মনকে অর্ঘ্য, সহস্রারচ্যুত সুধাকে আচমনীয়, চতুর্বিংশতি তত্ত্বাত্মক অহিংসাদি নির্মল গুণসকলকে পুষ্প, প্রাণবায়ুকে ধূপ, তেজস্বরূপ দীপ, অমৃতরূপ নৈবেদ্য, আকাশরূপ চামর, সূর্যরূপ দর্পণ, চন্দ্ররূপ ছত্র ও অনাহতরূপ ঘণ্টা নিবেদন করবেন। এরপর বিশেষার্ঘ্য স্থাপন করবেন।

বিশেষার্ঘ্য স্থাপন—স্ববামে ত্রিকোণমণ্ডল ক'রে তার উপরে ত্রিপদিকা স্থাপন ক'রে "ফট্" মন্ত্রে শঙ্খাদি অর্ঘ্যপাত্র স্থাপন ক'রে "নমঃ" মন্ত্রে পাত্রে গন্ধপুষ্পদূর্বাক্ষতাদি স্থাপন করবেন। পরে বিলোমমাতৃকা পাঠ ক'রে জল দিয়ে শঙ্খ পূরণ করবেন, যথা—"ক্ষং লং হং সং ষং শং বং লং রং যং মং ভং বং ফং পং নং ধং দং থং তং ণং ঢং ডং ঠং টং ঞং ঝং জং ছং চং ঙং ঘং গং খং কং অং অঃ ঔং ওং ঐং এং ৯ৢং ৯ং ৠং ঋং ঊং উং ঈং ইং আং অং নমঃ।" এরপর মূলমন্ত্রে (ঐং) পুনরায় ত্রিভাগ পূরণ করবেন। পরে শঙ্খাদি অর্ঘ্যপাত্রে—"ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ", জলে—"ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ", ত্রিপদিকাতে—"ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ।" মন্ত্রে গন্ধপুষ্পদ্বারা পূজা ক'রে অঙ্কুশমুদ্রায়—"ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি। নর্মদে সিন্ধুকাবেরি জলেঽস্মিন্ সন্নিধিং কুরু॥" মন্ত্রে সূর্যমণ্ডল থেকে তীর্থাদির আবাহন করতঃ জলে দেবীর ধ্যান ক'রে "হুং" মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা, "বৌষট্" মন্ত্রে গালিনীমুদ্রা প্রদর্শন ক'রে জলে দেবতার পূজা ক'রে মৎস্যমুদ্রায় আচ্ছাদন ক'রে দেবীর মূলমন্ত্র দশবার জপ করবেন। এরপর "বং" মন্ত্রে ধেনুমুদ্রায় অমৃতীকরণ ক'রে জল কোশায় কিছুটা রক্ষা করবেন এবং নিজেকে ও পূজোপকরণগুলি অভ্যুক্ষণ ক'রে পীঠপূজা করবেন।

পীঠপূজা—পঞ্চগুঁড়ি দিয়ে তৈরী মণ্ডলে গন্ধপুষ্প দ্বারা—"এতে গন্ধপুষ্পে ওঁ মণ্ডলায় নমঃ।" মন্ত্রে সর্বতোভদ্রমণ্ডলে বা অষ্টদলপদ্মে পীঠপূজা করবেন। এরপর ঐ মণ্ডলে আবাহনাদি পঞ্চমুদ্রা দিয়ে পীঠদেবতাদের আবাহন করবেন। যথা—"ওঁ পীঠদেবতাঃ ইহাগচ্ছত ইহাগচ্ছত, ইহতিষ্ঠত ইহতিষ্ঠত, ইহসন্নিধত্ত, ইহসন্নিরুধ্যস্ব, ইহসন্নিরুধ্যধ্বম্ অত্রাধিষ্ঠানং কুরুতঃ, মম পূজাং গৃহ্লীত।" এরপর পুষ্প দিয়ে পূজা করবেন—"এতে গন্ধপুষ্পে ওঁ আধারশক্তয়ে নমঃ। এইক্রমে—"ওঁ প্রকৃত্যৈ নমঃ, ওঁ কূর্মায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পৃথিব্যৈ নমঃ, ওঁ ক্ষীরসমুদ্রায় নমঃ, ওঁ শ্বেতদ্বীপায় নমঃ, ওঁ মণিমণ্ডপায় নমঃ, ওঁ মণিবেদিকায়ৈ নমঃ, ওঁ রত্নসিংহাসনায় নমঃ, ওঁ জ্ঞানায় নমঃ, ওঁ বৈরাগ্যায় নমঃ, ওঁ ঐশ্বর্যায় নমঃ, ওঁ অধর্মায় নমঃ, ওঁ অজ্ঞানায় নমঃ, ওঁ অবৈরাগ্যায় নমঃ, ওঁ অনৈশ্বর্যায় নমঃ, ওঁ অনন্তায় নমঃ, ওঁ পং পদ্মায় নমঃ, ওঁ অং অর্কমণ্ডলায় দ্বাদশকলাত্মনে নমঃ, ওঁ উং সোমমণ্ডলায় ষোড়শকলাত্মনে নমঃ, ওঁ মং বহ্নিমণ্ডলায় দশকলাত্মনে নমঃ, ওঁ সং সত্ত্বায় নমঃ, ওঁ রং রজসে নমঃ, ওঁ তং তমসে নমঃ, ওঁ আং আত্মনে নমঃ ওঁ অং অন্তরাত্মনে নমঃ, ওঁ হ্রীং জ্ঞানাত্মনে নমঃ, ওঁ মেধায়ৈ নমঃ, ওঁ প্রজ্ঞায়ৈ নমঃ, ওঁ প্রভায়ৈ নমঃ, ওঁ শ্রিয়ৈ নমঃ, ওঁ ধৃত্যৈ নমঃ, ওঁ বুদ্ধ্যৈ নমঃ, ওঁ বিদ্বেশ্বর্যৈ নমঃ, ওঁ বর্ণকমলাসনায় নমঃ।" এরপর শোধিত পঞ্চগব্য দ্বারা নিম্নলিখিত মন্ত্রে বেদীশোধন ও বিতানশোধন ক'রে নিয়ে আপন আপন বেদানুযায়ী মন্ত্রে ঘটস্থাপন করবেন।

বেদীশোধন—"ওঁ বেদ্যা বেদিঃ সমাপ্যতে বর্হিষা বর্হিরিন্দ্র যূপেন যূপ আপ্যায়তাং প্রণীতোঽগ্নিনা।"

বিতানশোধন—"ওঁ ঊর্দ্ধ উ ষু ণ উতয়ে, তিষ্ঠা দেবো ন সবিতা। ঊর্দ্ধো বাজস্য সবিতা যদঞ্জিভির্বাঘদ্ভির্বিহ্বয়ামহে।" অতঃপর ঘটস্থাপন করবেন।

সামবেদীয় ঘটস্থাপন—*ভূমিতে হাত দিয়ে*—"ওঁ মহিত্রীণামবরস্তু দ্যুক্ষ্যং মিত্রস্যার্যম্নঃ দুরাধর্ষং বরুণস্য।" *ধান স্পর্শ ক'রে*—"ওঁ ধানাবন্তং করম্ভিনমপূপবন্তমুক্‌থিনম্। ইন্দ্র প্রাতর্জ্জুষস্ব নঃ॥" *ঘট স্পর্শ ক'রে*—"ওঁ অবিশন্ কলসং সুতো বিশ্বা অর্ষন্নভিশ্রিয়ঃ। ইন্দুরিন্দ্রায় ধীয়তে॥" *জল স্পর্শ ক'রে*—"ওঁ আ নো মিত্রাবরুণা ঘৃতৈর্গব্যূতিমুক্ষতম্। মধ্বা রজাংসি সুক্রতু॥" *পল্লব*—"ওঁ অয়মূর্জাবতো বৃক্ষ উর্জীব ফলিনী ভব। পর্ণং বনস্পতে নুত্বা নুত্বা চ সূয়তাং রয়িঃ॥" *ফল স্পর্শ ক'রে*—"ওঁ ইন্দ্রং নরো নেমধিতা হবন্তো যৎ পার্যা যুনজতে ধিয়স্তাঃ শূরো নৃষাতা শ্রবসশ্চকাম আ গোমতি ব্রজে ভজা ত্বং॥" *বস্ত্র স্পর্শ ক'রে*—"ওঁ যুবা সুবাসাঃ পরিবীত আগাৎ, স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ, তং ধীরাসঃ কবয় উন্নয়ন্তিঃ স্বাধ্যো মনসা দেবয়ন্তঃ॥" *সিন্দূর স্পর্শ ক'রে*—"ওঁ সিন্ধোরুচ্ছ্বাসে পতয়ন্তমুক্ষণং হিরণ্যপাবাঃ পশুমপ্সুগৃভ্ণতে।" *পুষ্প স্পর্শ ক'রে*—"ওঁ পবমান ব্যশ্নুহি রশ্মিভির্বাজসা তমঃ। দধৎস্তোত্রে সুবীর্যম্॥" এর পরে ঘটে হাত দিয়ে স্থিরীকরণ করবেন। যথা—"ওঁ ত্বাবতঃ পুরুবসো বয়মিন্দ্র প্রণেতঃ। স্মসি স্থাতর্হরীণাম্।" এরপর তীর্থ আবাহন করবেন। যথা—"ওঁ গঙ্গাদ্যাঃ সরিত সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। আয়ান্তু যজমানস্য দূরিত ক্ষয়কারকাঃ॥" এরপরে করযোড়ে পাঠ করবেন—"ওঁ সর্বতীর্থোদ্ভবং বারি সর্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবি গণৈঃ সহ॥"

যজুর্বেদীয় ঘটস্থাপন—*ভূমিতে হাত দিয়ে*—"ওঁ ভূরসি ভূমিরস্য দিতিরসি বিশ্বাধায়া বিশ্বস্য ভুবনস্য ধর্ত্রী। পৃথিবীং যচ্ছ পৃথিবীং দৃগুং হ পৃথিবীং মা হিংসীঃ॥" *ধান স্পর্শ ক'রে*—"ওঁ ধান্যমসি ধিনুহি দেবান্ ধিনুহি যজ্ঞং ধিনুহি যজ্ঞপতিম্। ধিনুহি মাং যজ্ঞন্যম্॥" *ঘট স্পর্শ ক'রে*—"ওঁ আজিঘ্র কলসং মহ্য ত্বা বিশন্ত্বিন্দবঃ পুনরুর্জা নিবর্তস্য সা নঃ। সহস্র ধৃক্ষোরুধারাপয়স্বতী পুনর্মা বিশতাদ্রয়ি॥" *জল স্পর্শ ক'রে*—"ওঁ বরুণস্যোত্তম্ভনমসি বরুণস্য স্কম্ভ সর্জনীস্থঃ। বরুণস্য ঋতসদন্যসি বরুণস্য ঋতসদনমসি বরুণস্য ঋতসদনমাসীদ॥" *পল্লব স্পর্শ ক'রে*—"ওঁ ধন্বনা গা ধন্বনাজিং জয়েম ধন্বনা তীব্রাঃ সমদো জয়েম। ধনুঃ শত্রোরপকামং কৃণোতি ধন্বনা সর্বাঃ প্রদিশো জয়েম॥" *ফল স্পর্শ ক'রে*—"ওঁ যা ফলিনীর্যা অফলা অপুষ্পা যাশ্চ পুষ্পিণীঃ। বৃহস্পতিপ্রসূতাস্তা যো মুঞ্চন্তং হসঃ॥" *পুষ্প স্পর্শ ক'রে*—"ওঁ শ্রীশ্চতে লক্ষ্মীশ্চ পত্ন্যাবহোরাত্রে পার্শ্বে নক্ষত্রাণি রূপমশ্বিনৌ ব্যাত্তম্।

ন ইষাণ সর্বলোকং ম ইষাণ ॥" *গন্ধ স্পর্শ ক'রে*—"ওঁ গন্ধদ্বারাং দুরাধর্ষাং নিত্যপুষ্টাং করিষিণীম্। ঈশ্বরীং সর্বভূতানাং ত্বামিহোপহ্বয়ে শ্রিয়ম্ ॥" *বস্ত্র স্পর্শ ক'রে*—"ওঁ যুবা সুবাসা পরিবীত আগাৎ স উ শ্রেয়ান্ ভবতি জায়মানঃ। তং ধীবাসঃ কবয়ঃ উন্নয়ন্তি, স্বাধ্যো মনসা দেবয়ন্ত ॥" *সিন্দুর স্পর্শ ক'রে*—"সিন্ধোরিব প্রাধ্বনেশুঘনাসো বাতঃ প্রমিয়ঃ পতয়ন্তি যহ্বাঃ। ঘৃতস্য ধারা অরুষো ন বাজী, কাষ্ঠা ভিন্দন্নূর্মিভিঃ পিন্বমানঃ ॥" *দূর্বা স্পর্শ ক'রে*—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তী পরুষঃ পরুষস্পরি। এবা নো দূর্বে প্রতনু সহস্রেণ শতেন চ ॥" এরপরে ঘটে হাত দিয়ে স্থিরীকরণ করিবেন। যথা—ওঁ স্থিরো ভব বিডঙ্গ আশুর্ভব বাজ্যর্বন। পৃথুর্ভব সুষদস্ত্বমগেঃ ॥" এরপর তীর্থ আবাহন করবেন। যথা—"ওঁ গঙ্গাদ্যা সরিতাঃ সর্বাঃ সমুদ্রাশ্চ সরাংসি চ। আয়ান্তু যজমানস্য দূরিত ক্ষয়কারকাঃ ॥" এরপরে করযোড়ে পাঠ করবেন—"ওঁ সর্বতীর্থোদ্ভবং বারি সর্বদেবসমন্বিতম্। ইমং ঘটং সমারুহ্য তিষ্ঠ দেবী গণৈঃ সহ ॥ ওঁ গণানাত্বা গণপতিগুং হবামহে, প্রিয়ণাত্বা প্রিয়পতিগুং হবামহে, নিধীনাত্বা নিধীপতিগুঁ হবামহে, বসো মম ॥" এবার কাণ্ডরোপণ ও সূত্রবেষ্টন করবেন।

কাণ্ডরোপণ—তীরকাঠি স্পর্শ ক'রে—"ওঁ কাণ্ডাৎ কাণ্ডাৎ প্ররোহন্তি পরুষঃ পরুষস্পরি। এবানো দূর্বে প্রতনু সহস্রেন শতেন চ ॥"

সূত্রবেষ্টন—সূত্র স্পর্শ ক'রে—"ওঁ সূত্রামানং পৃথিবীং দ্যামনেহসং সুশর্মানমদিতিং সুপ্রণীতিম্। দৈবীং নাবং স্বরিত্রামনাগমস্রবন্তি মারুহেমা স্বস্তয়ে ॥"

আবাহন—কূর্মমুদ্রায় পুষ্পাদি নিয়ে দেবীর ধ্যান শেষ ক'রে পুষ্পটি ঘটে দিয়ে আবাহন করবেন। যথা—"ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবতি সরস্বতি দেবী ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ ॥" অনন্তর করযোড়ে পাঠ করিবেন—"ওঁ দেবেশি ভক্তিসুলভে পরিবারসমন্বিতে। যাবত্ত্বাং পূজয়িষ্যামি তাবত্ত্বাং সুস্থিরা ভব ॥" অনন্তর প্রাণপ্রতিষ্ঠা ও চক্ষুর্দান করবেন। প্রতিমা না হ'লে শালগ্রাম শিলায় বা ঘটে পূজা করবেন, কিন্তু সে স্থলে চক্ষুর্দান, প্রাণপ্রতিষ্ঠা, অধিবাস ইত্যাদি হ'বে না। চক্ষুর্দান কালে মূলমন্ত্রে প্রথমে বামচক্ষুতে, পরে দক্ষিণ চক্ষুতে কাজল দেবেন।

চক্ষুর্দান—একটি বিল্বপত্রে কাজল তুলে কুশের অগ্রভাগ দিয়ে সেই কাজল দেবীর বাম নেত্রের মণিতে মূলমন্ত্র (ঐং) সহ পরিয়ে দেবেন। অথবা বলবেন—"ওঁ আপ্যায়স্য সমেতু তে বিশ্বতঃ সোম বৃষ্ণ্যম্। ভবা বাজস্য সঙ্গথে ॥" এর পরে দেবীর দক্ষিণ নেত্রে উপরে লিখিতভাবে কাজল পরিয়ে বলবেন—"ওঁ *দেবানামুদ্গাদনীকং চক্ষুর্মিত্রস্য* বরুণস্যাগ্নে। আ প্রা দাব্যা পৃথিবী অন্তরীক্ষং সূর্য আত্মা জগতস্ত স্থূষশ্চ ॥"

প্রাণপ্রতিষ্ঠা—প্রথমে দেবীর মস্তকে (ঐং) মূলমন্ত্র ১০৮ বার জপ করবেন। তারপর পুষ্পাদি দক্ষিণ হাতে নিয়ে দেবীর হৃদয় অঙ্গুষ্ঠ ও অনামিকার দ্বারা স্পর্শ ক'রে নিম্নলিখিত মন্ত্র পাঠ করবেন—

"ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বতীদেব্যাঃ প্রাণাঃ ইহ প্রাণাঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বতীদেব্যাঃ জীব ইহ স্থিতঃ। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌঃ হংসঃ শ্রীসরস্বতীদেব্যা সর্বেন্দ্রিয়াণি ইহ স্থিতানি। ওঁ আং হ্রীং ক্রোং যং রং লং বং শং ষং সং হৌং হংসঃ শ্রীসরস্বতীদেব্যাঃ বাঙ্মনশ্চক্ষুঃশ্রোত্রঘ্রাণপ্রাণা ইহগত্য সুখং চিরং তিষ্ঠন্ত স্বাহা। ওঁ মনোজ্যোতির্জুষতা-মাজ্যস্য বৃহস্পতির্যজ্ঞমিমং তনোতু। অরিষ্টং যজ্ঞং সমিমং দধাতু, বিশ্বেদেবাস ইহ মাদয়ন্তা মোম্ প্রতিষ্ঠ। ওঁ অস্যৈ প্রাণাঃ প্রতিষ্ঠন্ত অস্যৈ প্রাণা ক্ষরন্তু চ। অস্যৈ দেবত্বসংখ্যায়ৈ স্বাহা ॥" এরপর মূলমন্ত্র (ঐং) তিনবার জপ ক'রে গায়ত্রী পাঠ ক'রে গণেশাদি পঞ্চদেবতার পূজা করবেন।

গণেশের পূজা— *ধ্যান*—"ওঁ খর্বং স্থূলতনুং গজেন্দ্রবদনং লম্বোদরং সুন্দরং। প্রস্যন্দন্মদগন্ধলুব্ধমধুপব্যালোল গণ্ডস্থলম্ ॥ দন্তাঘাতবিদারিতারিরুধিরৈঃ সিন্দুর শোভাকরম্। বন্দে শৈলসুতাসুতং গণপতিং সিদ্ধিপ্রদং কামদম্ ॥" *আবাহন*—"ওঁ ভূর্ভুবঃ স্বর্গণপতে ইহাগচ্ছ ইহাগচ্ছ, ইহতিষ্ঠ ইহতিষ্ঠ, ইহসন্নিধেহি ইহসন্নিরুধ্যস্ব, অত্রাধিষ্ঠানং কুরু, মম পূজাং গৃহাণ।" এরপরে—"ওঁ গাং গণেশায় নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ একদন্ত মহাকায়ং লম্বোদর গজাননম্। বিঘ্ননাশকরং দেবং হেরম্বং প্রণমাম্যহম্ ॥" এরপর সূর্যপূজা করবেন।

সূর্যের পূজা—*ধ্যান*—"ওঁ রক্তাম্বুজাসনমশেষগুণৈকসিন্ধুং ভানুং সমস্তজগতামধিপং ভজামি। পদ্মদ্বয়াভয়বরান্ দধতং করাব্জৈর্মাণিক্যমৌলিমরুণাঙ্গরুচিং ত্রিনেত্রম্ ॥" ধ্যানান্তে আবাহন ক'রে—"ওঁ শ্রীসূর্যায় নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ জবাকুসুম সঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্। ধ্বান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোঽস্মি দিবাকরম্ ॥" এরপর বিষ্ণুপূজা করবেন।

বিষ্ণুর পূজা—*ধ্যান*—"ওঁ ধ্যেয়ঃ সদা সবিতৃমণ্ডলমধ্যবর্তী নারায়ণঃ সরসিজাসনসন্নিবিষ্ট ঃ। কেয়ূরবান্ কনককুণ্ডলবান্ কিরীটিহারী হিরণ্ময়বপুর্ধৃতশঙ্খচক্রঃ ॥" *ধ্যানান্তে আবাহন ক'রে*—"ওঁ নারায়ণায় নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ নমো ব্রহ্মণ্যদেবায় গোব্রাহ্মণ হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥" এরপর শিবপূজা করবেন।

শিবের পূজা—*ধ্যান*—"ওঁ ধ্যায়েন্নিত্যং মহেশং রজতগিরিনিভং চারুচন্দ্রাবতংসং, রত্নাকল্পোজ্জ্বলাঙ্গং পরশুমৃগবরাভীতিহস্তং প্রসন্নম্। পদ্মাসীনং সমন্তাৎ স্তুতমমরগণৈর্ব্যাঘ্রকৃত্তিং বসানম্, বিশ্বাদ্যং বিশ্ববীজং নিখিলভয়হরং পঞ্চবক্ত্রং ত্রিনেত্রম্॥" *ধ্যানান্তে আবাহন ক'রে*—"ওঁ নমঃ শিবায় নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ নমঃ শিবায় শান্তায় কারণত্রয়হেতবে। নিবেদয়ামি চাত্মানং ত্বং গতি পরমেশ্বরঃ॥" এরপর দুর্গাপূজা করবেন।

দুর্গার পূজা—*ধ্যান*—"ওঁ কালাভ্রাভাং কটাক্ষৈররিকুলভয়দাং মৌলিবদ্ধেন্দুরেখাম্। শঙ্খং চক্রং কৃপাণং ত্রিশিখমপি করৈরুদ্বহন্তীং ত্রিনেত্রাম্॥ সিংহস্কন্ধাদিরূঢ়াং ত্রিভুবনমখিলাং তেজসাপুরয়ন্তীং। ধ্যায়েদ্দুর্গাং জয়াখ্যাং ত্রিদশ পরিবৃতাং সেবিতাং সিদ্ধিকামৈঃ। ওঁ হ্রীং দুর্গায়ৈ নমঃ॥" *ধ্যানের পর আবাহন ক'রে*—"হ্রীং ওঁ দুর্গায়ৈ নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ নমো সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সবার্থ সাধিকে। শরণ্যে ত্রম্বকে গৌরী নারায়ণি নমোহস্তু তে॥

এরপর—"এতে গন্ধপুষ্পে ওঁ ব্রহ্মণে নমঃ।" মন্ত্রে ব্রহ্মার, এবং "ওঁ গাং গঙ্গায়ৈ নমঃ, ওঁ যাং যমুনায়ৈ নমঃ, ওঁ আদিত্যাদি নবগ্রহেভ্যো, ওঁ ইন্দ্রাদি দশদিকপালেভ্যো নমঃ, ওঁ মৎস্যাদি দশাবতারেভ্যো নমঃ, ওঁ ক্ষেত্রপালেভ্যো নমঃ।" মন্ত্রে অন্যান্য দেবদেবীর পূজা ক'রে শ্রীশ্রীসরস্বতী দেবীর প্রধান পূজা করবেন।

প্রধান পূজা—*দেবীর পুনরায় ধ্যান ক'রে*—"ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" মন্ত্রে ষোড়শোপচারে পূজা করবেন। প্রতিটি দ্রব্যের অর্চনা ক'রে দেবীকে নিবেদন করবেন। *আসন*—প্রথমে রজতাসন গ্রহণ ক'রে—"এতস্মৈ রজতাসনায় নমঃ।" মন্ত্রে তিনবার জলের ছিটা দিয়ে—"এতে গন্ধপুষ্পে এতধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ, এতৎ সম্প্রদানায় ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" এইভাবে সমস্ত দ্রব্যই অর্চনা ক'রে দেবীকে নিবেদন করবেন। *নিবেদন*—"ওঁ আসনং গৃহ্ণ দেবেশি যৎ কৃতং শোভনং ময়া। সর্বকালফলং দেবি বাগীশ্বরী

নমোহস্তু তে। ইদং রজতাসনং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *স্বাগত*—"ওঁ ভূর্ভুবঃ স্বর্ভগবতি শ্রীসরস্বতীদেবি স্বাগতং সুস্বাগতম্। ওঁ স্বাগতানুগৃহীতোঽস্মি সুস্বাগতমিদং শুভম্। প্রসন্না ভব দেবেশি কৃপাং কুরু হরিপ্রিয়ে॥" *পাদ্য*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ পাদ্যং গৃহ্ণ দেবেশি সর্বদুঃখাপহারকম্। ত্রায়স্ব বরদে দেবি নমস্তে বিষ্ণুবল্লভে॥ এতৎ পাদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *অর্ঘ্য*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ দূর্বাক্ষতসমাযুক্তং গন্ধপুষ্পং তথা পরম্। শোভনং শঙ্খপাত্রস্থং গৃহাণার্ঘ্যং সুরেশ্বরি॥ ইদমর্ঘ্যং ঐং সরস্বত্যৈ নমঃ॥" (*যজুর্বেদীয়রা*—'ইদমর্ঘ্যং' স্থলে 'এষোঽর্ঘঃ' বলবেন)। *আচমনীয়*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ মন্দাকিন্যাস্তু যদ্বারি সর্বপাপহরং শুভম্। গৃহাণাচমনীয়ং ত্বং ময়াভক্ত্যা নিবেদিতম্॥ ইদমাচমনীয়ং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *মধুপর্ক*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ মধুপর্কং মহাদেবী ব্রহ্মাদ্যৈঃ পরিকল্পিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহ্ণ দেবি সরস্বতী॥ এষ মধুপর্কঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *পুনরাচমনীয়*—আগের মতো অর্চনা ক'রে—আচমনীয়-এর মন্ত্র পাঠ ক'রে নিবেদন করবেন। *স্নানীয়*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ জলঞ্চ শীতলং স্বচ্ছং নিত্যং শুদ্ধং মনোহরং। স্নানার্থং তে ময়া ভক্ত্যা কল্পিতং রাগবস্তুনা॥ ইদং স্নানীয়োদকং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *বস্ত্র*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ বহুতন্তুসমাযুক্তং পট্টসূত্রাদিনির্মিতম্। বাসোদেবি সুশুক্লঞ্চ গৃহাণ ত্বং বাগীশ্বরি॥ ইদং বস্ত্রম্ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *আভরণ*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ দিব্যরত্নসমাযুক্তা বহ্নিভানু সমপ্রভা। গাত্রাণি শোভায়িষ্যন্তি অলঙ্কারা বাগীশ্বরি॥ ইদং রজতাভরণং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *গন্ধ*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ শরীরং তে ন জানামি চেষ্টাং নৈব চ নৈব চ। ময়া নিবেদিতান্ গন্ধান্ প্রতিগৃহ্য বিলিপ্যতাম্॥ এষ গন্ধঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *পুষ্প*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ পুষ্পং মনোহরং রম্যং সুগন্ধি দেবনির্মিতম্। হৃদ্যমদ্ভুতমাঘ্রেয়ং দেবি দত্তং প্রগৃহ্যতাম্॥ এতৎ পুষ্পং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *ধূপ*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ বনস্পতিরসো দিব্য গন্ধাঢ্যঃ সুমনোহরঃ। ময়া নিবেদিতং ভক্ত্যা ধূপোঽয়ং প্রতিগৃহ্যতাম॥ এষ ধূপঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" এরপরে—"ওঁ জয়ধ্বনি মন্ত্র মাতঃ স্বাহা।" মন্ত্রে ঘণ্টা পূজা ক'রে বাম হাতে ঘণ্টা বাজাবেন, এবং ধূপ দশবার ঘুরিয়ে দেবীর বামদিকে স্থাপন করবেন। *দীপ*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ অগ্নির্জ্যোতিঃ রবির্জ্যোতিশ্চন্দ্রজ্যোতিস্তথৈব চ। জ্যোতিষামুত্তমো দেবি দীপোঽয়ং প্রতিগৃহ্যতাম্॥ এষ দীপঃ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" বাম হাতে ঘণ্টা বাজিয়ে দীপ ঘুরিয়ে দেবীর দক্ষিণ ভাগে স্থাপন করবেন। *নৈবেদ্য*—আগের মতো অর্চনা

ক'রে—"ওঁ আমান্নং ঘৃতসংযুক্তং নানাবস্তু সমন্বিতং। ময়া নিবেদিতং ভক্ত্যা গৃহাণ ত্বং বাগীশ্বরি॥ এতৎ নৈবেদ্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" পরে—"ওঁ প্রাণায় স্বাহা, অপানায় স্বাহা, সমানায় স্বাহা, উদানায় স্বাহা, ব্যানায় স্বাহা"—ব'লে দেবীকে পঞ্চগ্রাস মুদ্রা প্রদর্শন করাবেন। এরপরে পুনরায় পুনরাচমনীয় জল, আগের মতো অর্চনা ক'রে "ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" মন্ত্রে দেবেন। *মোদক*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ মোদকং স্বাদুসংযুক্তং শর্করাদিবিনির্মিতং। সুরসং মধুরং ভোজ্যং দেবি ত্বং প্রতিগৃহ্যতাম্॥ ইদং মোদকদ্রব্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *তাম্বুল*—আগের মতো অর্চনা ক'রে—"ওঁ ফলপত্রসমাযুক্তং কর্পূরেণ সুবাসিতম্। ময়া নিবেদিতং ভক্ত্যা তাম্বুলং প্রতিগৃহ্যতাম॥ এতৎ তাম্বুলম্ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *একশ' আটটি দূর্বা*—আগের মত অর্চনা ক'রে—"ওঁ নমস্তে সর্বগে দেবি নমস্তে সুখমোক্ষদে। দূর্বা গৃহাণ দেবি ত্বং মাং নিস্তারয় সর্বতঃ॥ এষা দূর্বা ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" *পুষ্পমাল্য* আগের মতো অর্চনা করে—"ওঁ সূত্রেণ গ্রথিতং মাল্যং নানাপুষ্পসমন্বিতং। শ্রীযুক্ত লম্বমানঞ্চ গৃহাণ দেবী সারদে॥ এতৎ পুষ্পমাল্যম্ ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ"। এর পরে প্রতিমার ললাটে "ঐং" মন্ত্রে সিন্দূরের তিলক দিয়ে পঞ্চোপচারে শ্রীলক্ষ্মীদেবীর পূজা করবেন।

লক্ষ্মীর পূজা—*ধ্যান*—"ওঁ পাশাক্ষমালিকাম্ভোজসৃণির্যাম্য সৌম্যয়োঃ। পদ্মাসনস্থাং ধ্যায়েচ্চ শ্রিয়ং ত্রৈলোক্য মাতরম্॥ গৌরবর্ণাং সুরূপাঞ্চ সর্বালঙ্কার ভূষিতাম্। রৌক্মপদ্মব্যগ্রকরাং বরদাং দক্ষিণেন তু॥" ধ্যানান্তে আবাহন ক'রে "ওঁ শ্রীং লক্ষ্ম্যৈ নমঃ।" মন্ত্রে পঞ্চোপচারে পূজা ক'রে প্রণাম করবেন। *প্রণাম মন্ত্র*—"ওঁ বিশ্বরূপস্য ভার্যাসি পদ্মে পদ্মালয়ে শুভে। সর্বতঃ পাহি মাং দেবি মহালক্ষ্মি নমোঽস্তু তে॥

এরপর—"ওঁ পুস্তকেভ্যো নমঃ।" মন্ত্রে *পুস্তকের পূজা*, "ওঁ মস্যাধারায় নমঃ।" মন্ত্রে *দোয়াতের পূজা*, "ওঁ লেখন্যৈ নমঃ।" মন্ত্রে *কলমের পূজা*, "ওঁ বাদ্যযন্ত্রাদিভ্যো নমঃ।" মন্ত্রে *বাদ্যযন্ত্রের পূজা* এবং "ওঁ হংসায় নমঃ।" মন্ত্রে *হংসের পূজা* করবেন। এরপরে সরস্বতীকে—"ইদং রাগদ্রব্যং ওঁ ঐং সরস্বত্যৈ নমঃ।" মন্ত্রে আবির ও অভ্র দেবেন। পরে দেবীকে তিনবার পুষ্পাঞ্জলি দেবেন।

পুষ্পাঞ্জলি মন্ত্র—"ওঁ জয় জয় দেবি চরাচরসারে, কুচযুগশোভিতমুক্তাহারে॥ বীণাপুস্তকরঞ্জিত হস্তে, ভগবতী ভারতী দেবি নমস্তে॥ *এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি* ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ ॥১॥" "ওঁ সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে। বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তুতে॥ *এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি* ওঁ ঐং

শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ ॥২॥" "ওঁ সা মে ভবতু জিহ্বায়াং বীণাপুস্তকধারিণী। মুরারীবল্লভাং দেবী সর্ব শুক্লা সরস্বতী॥ এষ সচন্দন গন্ধপুষ্পাঞ্জলি ওঁ ঐং শ্রীশ্রীসরস্বতীদেব্যৈ নমঃ ॥৩॥"

প্রণাম মন্ত্র—"ওঁ সরস্বত্যৈ নমো নিত্যং ভদ্রকাল্যৈ নমো নমঃ। বেদবেদাঙ্গ বেদান্ত বিদ্যাস্থানেভ্য এব চ॥"

পুষ্পাঞ্জলি মন্ত্র—(দ্বিতীয় প্রকার)—"যা কুন্দেন্দু তুষারহার ধবলা যা শ্বেত পদ্মাসনা। যা বীণাবরদণ্ড মণ্ডিত ভুজা যা শুভ্রবস্ত্রাবৃতা॥ যা ব্রহ্মাচ্যুত শঙ্করঃ প্রভৃতিভির্দেবগণৈঃ বন্দিতা। সা মাং পাতু ভগবতী সরস্বতী নিঃশেষ জাড্যাপহা॥ সা মে বসতু জিহ্বায়াং বীণাপুস্তক ধারিণী। মুরারী বল্লভাং দেবীং সর্বশুক্লা-সরস্বতী॥ সরস্বতী মহাভাগে বিদ্যে কমললোচনে। বিদ্যারূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে॥"

সাধারণের পুষ্পাঞ্জলি—জল নিয়ে হাত ধুয়ে করযোড়ে মন্ত্র পাঠ করাবেন—"নমঃ অপবিত্রো পবিত্র বা সর্বাবস্থাং গতোঽপি বা। যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তর শুচিঃ॥ নমো বিষ্ণুঃ, নমো বিষ্ণুঃ, নমো বিষ্ণুঃ, পরে পুষ্প নিয়ে—"নমঃ ভদ্রকাল্যৈ নমো নিত্যং সরস্বত্যৈ নমো নমঃ। বেদ-বেদাঙ্গ-বেদান্ত-বিদ্যা-স্থানেভ্য এব চ॥ এষ সচন্দনপুষ্পবিল্বপত্রাঞ্জলি সরস্বত্যৈ দেব্যৈ নমঃ।" মন্ত্রে তিনবার পুষ্পাঞ্জলি দেওয়াবার পরে প্রণাম মন্ত্রে প্রণাম করাবেন। প্রণাম মন্ত্র—"নমো সরস্বতি মহাভাগে বিদ্যে কমললোচনে। বিশ্বরূপে বিশালাক্ষি বিদ্যাং দেহি নমোঽস্তু তে॥" (ব্রাহ্মণদের 'নমঃ' শব্দের পরিবর্তে 'ওঁ' বলাবেন।)

সরস্বতী স্তোত্রম্—"শ্বেতপদ্মাসনা দেবী শ্বেতপুষ্পোপশোভিতা। শ্বেতাম্বরধরা নিত্যা শ্বেতগন্ধানুলেপনা॥ শ্বেতাক্ষ-সূত্রহস্তা চ শ্বেত চন্দনচর্চিতা। শ্বেতবীণাধরা শুভ্রা শ্বেতালঙ্কারভূষিতা॥ বন্দিতা সিদ্ধগন্ধর্বৈরর্চিতা দেবদানবৈঃ। পূজিতা মুনিভিঃ সর্বৈঋষিভিঃ স্তূয়তে সদা॥ স্তোত্রেণানেন তাং দেবীং জগদ্ধাত্রীং সরস্বতীম্। যে স্মরন্তি ত্রিসন্ধ্যায়াং সর্বাং বিদ্যাং লভন্তি তে॥"

বাণী স্তোত্রম্—যাজ্ঞবল্ক্য উবাচ—কৃপাং কুরু জগন্মাতর্মামেব হততেজসম্। গুরুশাপাৎ স্মৃতিভ্রষ্টং বিদ্যাহীনঞ্চ দুঃখিতম্॥ জ্ঞানং দেহি স্মৃতিং দেহি বিদ্যাং বিদ্যাধিদেবতে।

